# উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মুহাম্মদ নাজমুল হক, উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী |
| সভার তারিখ | ঃ | ১৪/১০/২০১৯ খ্রি. |
| সভার সময় | ঃ | বিকাল ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ হলরুম |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-পরিশিষ্ট " ক " দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভাপতি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকার ২৩/০৯/২০১৯খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০.০০৪.২৯.০০১.১৮-৩৫৪ নং স্মারকে উপজেলা পর্যায়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের জন্য অনুরোধ করা হয়েছে এবং ১০ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রতিযোগিতা সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হয়েছে। সভাপতি বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নিয়মাবলী সভায় পাঠ করে শোনান এবং উক্ত নিয়মাবলীর আলোকে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতাটি সুষ্ঠ ও সুন্দরভাবে আয়োজনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভাপতি আরও বলেন প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে; প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩ জন শিক্ষার্থী নিয়ে দল গঠিত হবে এবং দলীয়ভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।উপজেলায় আয়োজিত কুইজ প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দল জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার পূর্বে অংশগ্রহণকারী দলগুলোকে নিয়ে প্রথমে ১ ঘন্টার ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষার আয়োজন করতে হবে।লিখিত পরীক্ষা হতে উত্তীর্ণ প্রথম ০৮ টি বিজয়ী দলকে নিয়ে নিয়মাবলীর ১২ নং অনুচ্ছেদে বর্ণিত ফিকশ্চার অনুসরণ করে কুইজ প্রতিযোগিতা চূড়ান্ত পর্যায় পর্যন্ত সম্পন্ন করতে হবে।বর্ণিত প্রতিযোগিতা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে " উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা পরিচালনা কমিটি" এবং "বিচারক প্যানেল" গঠন করা হলো।

" উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা পরিচালনা কমিটি" নিম্নরূপঃ

০১। জনাব মোঃ জয়নাল আবেদীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী - আহবায়ক
০২। জনাব মোছাঃ রশিদা ইয়াসমিন,উপজেলা শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী -সদস্য
০৩। জনাব মোঃ মেহেদি হাসান,সহকারী প্রোগ্রামার, চারঘাট, রাজশাহী -সদস্য
০৪। জনাব মোঃ মহিদুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, চারঘাট, রাজশাহী -সদস্য

গঠিত কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

বিচারক প্যানেল ঃ

০১। উপজেলা প্রানিসম্পদ অফিসার, চারঘাট, রাজশাহী
০২। উপজেলা কৃষি অফিসার, চারঘাট,রাজশাহী
০৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চারঘাট, রাজশাহী
০৪। জনাব মোঃ জয়নাল আবেদীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী
০৫। জনাব মোছাঃ রশিদা ইয়াসমিন,উপজেলা শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী
০৬। জনাব মোঃ মহিদুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, চারঘাট, রাজশাহী

আগামী ২৩/১০/২০১৯ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা পর্যায়ে মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হলো। মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করে নির্ধারিত তারিখে প্রতিযোগি ( তিন জনের দল ) প্রেরণের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহীকে অনুরোধ করা হলো।

উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা পরিচালনা কমিটির আহবায়ক এবং বিচারক প্যানেলকে **"বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলী ২০১৮-২০১৯"** এর আলোকে প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হলো। প্রতিযোগিতা শেষে ফলাফল শীট (যথাযথ স্বাক্ষরিত) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চারঘাট, রাজশাহীতে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলা পর্যায়ে মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নিয়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে আয়োজনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহাম্মদ নাজমুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী
টেলিফোন নম্বর ০৭২২৩-৫৬০০১
E.mail:unocharghat@mopa.gov.bd

১৪/১০/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চারঘাট, রাজশাহী
http://charghat.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১২৫.০০০.১৭.০২৮.১৯- ৯৯৭

তারিখ: ১৪ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক,জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, শেরে বাংলা নগর,আগারগাঁও,ঢাকা-১২০৭।
০২। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। জেলা প্রশাসক, রাজশাহী
০৪। উপ-সচিব,জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, শেরে বাংলা নগর,আগারগাঁও,ঢাকা-১২০৭।
০৫। জনাব মোঃ মেহেদি হাসান ..........
সহকারী প্রোগ্রামার ..........
চারঘাট, রাজশাহী
০৬। অফিস কপি।

(মুহাম্মদ নাজমুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী
টেলিফোন নম্বর ০৭২২৩-৫৬০০১
E.mail:unocharghat@mopa.gov.bd

১৪/১০/১৯